আলমডাঙ্গায় বিস্কুট কেনার অজুহাতে ইজিবাইক চুরি

ঝিনাইদহ হরিশপুর গ্রামের যুবক ইমরান হোসেন (২৫)। সে অভাবের সংসারে ইজিবাইক চালিয়ে জীবিকা নির্বাহ করেন। গত চার মাস আগে স্থানীয় এক ব্যবসায়ীর নিকট থেকে তিনি ভাড়ায় ইজিবাইক নেয়।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গা পৌর শহরের হলুদ পট্টি এলাকা থেকে কৌশলে ইজিবাইক চুরি করে নেয় চোরচক্রের সদস্যরা। এতে হতাশাগ্রস্থ হয়ে ইজিবাইক খুঁজতে থাকে শহর জুড়ে। পরে থানা পুলিশের সহযোগীতা নিয়েও খুঁজে পাননি তার ভাড়ায় চালিত ইজিবাইক।

ইমরানের পিতা ইউনুস আলীর সঙ্গে কথা বলে জানা যায়, গত চার আগে হরিণাকুন্ডু উপজেলা শহরে ব্যাটারি চালিত ভ্যান চালিয়ে তিনি জীবিকা নির্বাহ করতেন। ইমরানের চার ও তিন বছরের দুটি মেয়ে এবং সদ্য ভূমিষ্ঠ ছেলে সন্তান থাকায় পরিবারের আর্থিক চাপে পড়েন। তারই কারণে স্থানীয় এক ব্যবসায়ীর নিকট থেকে একটি ইজিবাইক ভাড়ায় নেন। আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে অজ্ঞাত ব্যক্তিকে নিয়ে হরিণাকুন্ডু বাজার হতে আলমডাঙ্গা শহরের আসেন। বেলা ১২ টার দিকে শহরের হলুদপট্টি এলাকায় তাকে ইজিবাইক থামাতে বলে। ওই ব্যক্তি বিস্কুট কেনার অজুহাতে বাজারে প্রবেশ করে। তার সাথে ইমরানও ইজিবাইক তালা দিয়ে যায়। সেখান থেকে ফিরে এসে দেখেন, তার ইজিবাইক নেই।

কান্না জড়িত কন্ঠে ভুক্তভোগী ইমরান বলেন, সামনে ঈদ। ছোট ছোট বাচ্চাদের মুখের দিকে তাকিয়ে ভাড়ায় গিয়েছি। গাড়িটাও হারিয়ে গেলো। একমাত্র আল্লাহই জানেন তার কী হবে। কিন্তু সব শেষ হয়ে গেল।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া জানান, ইজিবাইক চুরির ঘটনায় অভিযোগ করা হয়েছে। জড়িতদের ধরতে ও ইজিবাইক উদ্ধারে কাজ চলছে। এছাড়া শহরের সিসি ক্যামেরার ফুটেজ পর্যবেক্ষণ করা হচ্ছে।